দৈনিক বাংলা

শিক্ষা ও পরিসংখ্যান ... ডকুমেন্টেশন কেন্দ্র

21 JUN 1989
তারিখ ... 21 JUN 1989 ...
পৃষ্ঠা ... কলাম ...

021

# নোয়াখালীতে ১০ কোটি টাকা মূল্যের নোটবই উদ্ধার

(নিজস্ব সংবাদদাতা)

মাইজদীকোর্ট ১৯শে জুন।— নোয়াখালী পুলিশ চৌমুহানী বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে প্রায় ১০ কোটি টাকার নিষিদ্ধ ঘোষিত নোট বই উদ্ধার করেছে। এই সাথে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে

গত ১২ই জুনে নোয়াখালীর অতিরিক্ত পুলিশ সুপার একজন ম্যাজিস্ট্রেটের সহযোগিতায় এই

(৩–এর পৃঃ দ্রঃ)

## নোটবই উদ্ধার

(৭–এর পৃঃ পর)

অভিযান চালায়।

প্রথমে একস্থান থেকে ৩ হাজার নোট বই উদ্ধার করা হয়। এরপর দুটো গুদামে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ নোট বই আটক করা হয়। শহরে বইয়ের দোকান ও গুদামসহ নয় বসতবাড়ি থেকেও প্রচুর পরিমাণ নোট বই উদ্ধার করা হয়।

এসব নোট ২য় শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর ছাত্র ছাত্রীদের জন্য লেখা হয়েছে।